উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা।

## এপ্রিল/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র।

সভাপতি : মো: আসমত হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৮/০৪/২০২৫ খ্রি:।
সময় : ১১ : ০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অত:পর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এপ্রিল/২০২৫মাসে তার দপ্তরের অগ্রগতি তুলে ধরে বলেন, সরকারিভাবে কৃত্রিম প্রজনন হিমায়িত সিমেন দ্বারা ৫১০ মাত্রা। গবাদী পশুর টিকা প্রদান ১৬০ মাত্রা। হাঁস-মুরগী টিকা প্রদান ১,৫০০ মাত্রা। গবাদী পশুর চিকিৎসা প্রদান ১,৮৩৩ টি। হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৬,৬৭১ টি। এছাড়া গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা ও গবেষণাগারে প্রেরণ ১০ টি। গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) ২ টি। ফ্রী ভেটেনারী মেডিকেল ক্যাম্প স্থাপন ১টি। স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ ১.৬ একর। খামার ফিডমিল হ্যাচারী পরিদর্শন করা হয় ৩০ টি। রাজস্ব আয়; কৃত্রিম প্রজনন বাবদ ৩৮,২৫০/- টাকা এবং টিকা বীজ বাবদ ১১,৫০০/- টাকা । অন্যান্য ০০/- টাকা। ৪ টি উঠান বৈঠক করাসহ তিলডাঙ্গা ইউনিয়নে কাঁকড়াবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন ২২২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২০০ মিলি করে বিনা মূল্যে দুধ খাওয়ানো কার্যক্রম চলমান আছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ মাঠ পর্যায়ে সেবা প্রদানের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি এর ২০২৫-২৬ চক্রের অনলাইন আবেদন শুরু হয়নি। মা ও শিশু সহায়তা কর্মসূচির এপ্রিল/২০২৫ মাসে সার্ভার বন্ধ থাকায় ৯টি ইউনিয়ন ও পৌরসভার উপকারভোগীর ডাটাবেজ করা সম্ভব হয়নি। কিশোর কিশোরী ক্লাব কার্যক্রমের আওতায় ২০২৫ সালের জন্য ১০টি ক্লাবের ক্লাস কার্যক্রম চলমান। বাণিশান্তা ইউনিয়নে ০১টি ও তিলডাংগা ইউনিয়নে ০১টি মোট= ২টি উঠান বৈঠক করা হয়েছে।উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা, উপজেলা বাল্য বিয়ে প্রতিরোধ কমিটির সভা ও উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হবে। ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | আলোচ্য বিষয়ের সঠিক বাস্তবায়ন ও দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা-১০১৭৩ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা-৬৩৭০ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি-১১৪ জন, বেদে শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি-৩২জন ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি-৪৪ জন, প্রতিবন্ধী ভাতা-৩২৯৩ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা-১২৪ জন, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা কর্মসূচি-৩০ জন উকোরভোগী অত্র উপজেলা থেকে সুবিধা পেয়ে থাকেন। তাদের মধ্যে মৃত/নিরুদ্দেশ ভাতাভোগীদের প্রতিস্থাপনজনিত কারণে ৪২৮ জন ব্যতীত সকল উপকারভোগীর নগদ নম্বরে ২০২৪-২৫ অর্থ বছরের ৩য় কিস্তির ভাতার অর্থ ইতোমধ্যে পেয়েছেন। ইউনিয়ন কমিটি হতে প্রতিস্থাপন তালিকা পাওয়া গেলে নতুন উপকারভোগীদের তালিকা উপজেলা কমিটিতে চূড়ান্ত করত: সকল উপকারভোগীদের নগদ নম্বরে ভাতার অর্থ প্রেরণ করা হবে<br><br>সকল দপ্তরের সামাজিক নিরাপত্তার সকল কর্মসূচির উপকারভোগীদের প্রতারক চক্র নানাভাবে যেমন: নম্বর ক্লোন করে, ওটিপি সংগ্রহ করে, পিটুপি ইত্যাদি অত্যাধুনিক অপকৌশল ব্যবহার করে উপকারভোগীদের অর্থ হাতিয়ে নিচ্ছে। এ বিষয়টি সম্মিলিতিভাবে স্থানীয় জনপ্রতিনিধিগণ মাইকিং করে জনগণকে সচেতন করে তুললে উপকারভোগীরা বেশ উপকৃত হবে।<br><br>প্রতি অর্থ বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরের ৬ টি স্বেচ্ছাসেবী সংস্থার অনুদানের আবেদন পাওয়া গেছে এবং তা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রেরণ করা হয়েছে<br><br>প্রতি অর্থ বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরের এনডিডি বেশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের চিকিৎসা সহায়তার আবেদন পাওয়া গেছে এবং তা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রেরণ করা হয়েছে। | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ প্রতারক চক্রের বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বরগণ বিষয়টি এলাকাবাসীকে সতর্ক করার বিষয়ে প্রচার প্রচরণা চালিয়ে যাওয়ার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্য (সকল)। |
| ৪. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | চলতি অর্থ বছরের চলমান মাসে ১৮-৩৫ বছর বয়স্ক বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ৩০ জন করে ০৭ দিন মেয়াদী ০১ টি ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।চলতি অর্থবছরে মোট ১৩ টি ব্যাচে মোট ৩৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী মে/২৫ মাসে ০১ টা ব্যাচের প্রশিক্ষণের প্রস্তুতি রয়েছে। সে মোতাবেক যে এলাকায় আগ্রহী যুবদের পাওয়া যাবে সেই এলাকায় স্থানীয় চাহিদার উপর নির্ভর করে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে। এ ব্যাপারে সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান মহোদয়দের সহযোগিতা কামনা করছি। আপনাদের এলাকায় কর্মসংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণে আগ্রহী যুবদের ৩০ জনের ব্যাচ প্রস্তুত হলে , আমরা সংশ্লিষ্ট এলাকায় প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারবো। তাছাড়া চলতি মাসে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উপর ০১ টা ব্যাচের প্রশিক্ষণের প্রস্তুতি চলছে। তাছাড়া মে/২৫ | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ ঋণ আদায়ের ক্রমপুঞ্জিত হার বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাসে জেলা কার্যালয়ে ০১ মাস মেয়াদী আবাসিক হাঁস-মুরগি পালণ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।অনুযায়ী জেলা কার্যালয়ে প্রশিক্ষণার্থী প্রেরণ করার প্রস্তুতি রয়েছে। সরকারী বিধিমালা অনুযায়ী যুবঋন বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। খেলাপী আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। উপজেলা ঋণ কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শক্রমে খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | | |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা **পরিবার** পরিকল্পনা বিভাগের মার্চ/২০২৫ মাসের কাজের অগ্রগতিঃ-মোট সক্ষম দম্পতি-৩২৪৩০ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারী-২৫২৭২ জন, পদ্ধতি গ্রহণকারীর হার-৭৭.৯৩%।<br><br>বিতরনঃ খাবার বড়ি-৩৩৮ চক্র, কনডম-৩২০৪ পিচ, ইনজেকশন-৪১৬ পিচ, ইমপ্লান্ট-২৭ টি, আইইউডি-৪ টি বিতরন করা হয়েছে। খাবার বড়ি পর্যাপ্ত না থাকায় বিতরন কম হয়েছে।<br><br>মা ও শিশু স্বাস্থ্য সেবাঃ দাকোপ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মার্চ/২০২৫ মাসে গর্ভবতী সেবা-৬৩ জন, গভোত্তর সেবা-২৩ জন, শিশু সেবা-১৯৫ জন, সাধারন রোগি সেবা-১২৬৮ জন। এ ছাড়া লাউডোব ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ০১ টি স্বাভাবিক ডেলিভারী হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার বিষয়ে উপজেলা পরিবার পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বলা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৬. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, বারুইখালী আশ্রয়ণ প্রকল্পে সুবিধাভোগীদের মধ্যে এ পর্যন্ত মোট ৩৩,৬৬,৫০০/- (তেত্রিশ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত) টাকা বিতরণ করা হয়েছে। ৮% সার্ভিস চার্জসহ মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৩৬,৩৫,৮২০/- (ছত্রিশ লক্ষ পঁয়ষট্টি হাজার আটশত বিশ) টাকা। ঋণ আদায়ের পরিমাণ আসল ৩০,৭৬,৯০৭/- টাকা ও সার্ভিস চার্জ ২,৪৬,১৫৩/- টাকা। ঋণ আদায়ের হার ৯১%। ৩৮ জন সদস্যের নিকট ৩,১২,৭৬০/- টাকা ঋণ অনাদায়ী রয়েছে। | আশ্রয়ণ কমিটির সভাপতি মহোদয়ের মাধ্যমে অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ৭. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৮. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তার। |
| ৯. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা। |
| ১০. | উপজেলা প্রকৌশল দপ্তর। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকৌশলী। |
| ১১. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ১২. | উপজেলা প্রকল্প | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকল্প |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | | | বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১৪. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১৬. | ডাকোপ সাব-জোনাল অফিস, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকৌশলী। |
| ১৭. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১৮. | পল্লীসঞ্চয় ব্যাংক। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক। |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ২০. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ২১. | উপজেলা বন বিভাগ। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা বন কর্মকর্তা। |
| ২২. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ২৩. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। |
| ২৪. | চেয়ারম্যান, ২ নং দাকোপ, ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৫. | প্যানেল চেয়ারম্যান, ৩ নং লাউডোব ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৬. | প্যানেল চেয়ারম্যান, ৪ নং কৈলাশগঞ্জ ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৭. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৮. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৯. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩০. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩১. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

CamScanner

৩৩.  বিবিধ আলোচনা:

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা শহর (নন্-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় দাকোপ উপজেলার অভ্যন্তরে বাস্তবায়নাধীন, উপজেলা নতুন অফিস বিল্ডি এর সংযোগ সড়ক, উপজেলা ভূমি অফিসের সংযোগ সড়ক, উপজেলা পরিষদের অভ্যন্তরীণ গাড়ীর গ্যারেজের সংযোগ সড়ক এছাড়া উপজেলা অভ্যন্তরীণ সড়কের বিভিন্ন মোড়ের কার্ভের চওড়া করাসহ রাস্তার শুরু এবং শেষ পয়েন্টে সড়ক চওড়া হওয়ায় পূর্বের অনুমোদিত প্রাক্কলনের চেয়ে বর্তমান প্রাক্কলন মূল্য বৃদ্ধি হওয়ায় উক্ত প্রকল্পের প্রাক্কলন সংশোধন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: আলোচ্য বিষয়ে উপজেলা প্রকৌশলী গৃহীত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটির প্রাক্কলন সংশোধন করত; পুনরায় প্রাক্কলন প্রস্তুত পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণসহ প্রস্তাবটি প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৩৮ মোতাবেক প্রতি অর্থ বছর শুরু হওয়ার ষাট দিন পূর্বে পরিষদ উক্ত বৎসরের রাজস্ব এবং উন্নয়ন হিসাবের আয়-ব্যয় সম্বলীত বিবরণী (বাজেট) তৈরী পূর্বক উহার অনুলিপি জেলা প্রশাসক ও সরকারের নিকট প্রেরণের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে নির্দেশনাটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত একটি কমিটি গঠন সকরা হয়।

সিদ্ধান্ত: গঠিত কমিটি "ছক" মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে ২০২৫-২৬ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুত পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী সভার পূর্বেই উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৮/০৪/২৫

মো: আসমত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫. ৫৫ (৫০)  তারিখ ১৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ এপ্রিল ২০২৫ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রশাসক, খুলনা।
৪. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৫. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৬. উপজেলা ..........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৭. চেয়ারম্যান .................................... ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
৮. অফিস কপি।

২৮/০৪/২৫

উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

CamScanner